



জাতিসংঘে নিরাপদ অভিবাসন নিশ্চিত বাংলাদেশের প্রস্তাব



সংগৃহীত ছবি

অভিবাসীদের অধিকার রক্ষা, অনিয়মিত অভিবাসন ঠেকানো, অভিবাসন ব্যয় কমানো এবং ন্যায্য মজুরি নিশ্চিত করতে আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের আহ্বান জানিয়েছে বাংলাদেশ।

শুক্রবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল মাইগ্রেশন রিভিউ ফোরামের সাধারণ বিতর্কে এ আহ্বান জানান প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী।

তিনি বলেন, নিরাপদ ও নিয়মিত অভিবাসন নিশ্চিত করতে বাংলাদেশ সরকার সমন্বিত উদ্যোগ নিয়ে কাজ করছে। এ লক্ষ্যে গ্লোবাল কমপ্যাক্ট অন মাইগ্রেশন বাস্তবায়নে টাক্সফোর্স গঠন এবং ২০২৬-২০৩০ মেয়াদের জাতীয় কর্মপরিকল্পনা নেওয়া হয়েছে।

মন্ত্রী জানান, প্রথম আইএমআরএফে দেওয়া ১০টি অঙ্গীকারের মধ্যে সাতটি বাস্তবায়ন হয়েছে। পাশাপাশি নতুন ছয়টি অঙ্গীকার জমা দিয়েছে বাংলাদেশ।

জলবায়ু পরিবর্তনের কারণে অভিবাসন বাড়ছে উল্লেখ করে ক্ষতিগ্রস্ত দেশগুলোর জন্য নির্ভরযোগ্য অর্থায়ন ও কারিগরি সহায়তারও আহ্বান জানান তিনি।